

মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং : ৩৪.০১.০০০০.০৩৬.৩৮.০০১.১২(অংশ-২)- ৯২


তারিখ : ২৪/০৫/২০১৬খ্রি

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের প্রশিক্ষণ গুরুত্ব প্রস্তুতি গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের প্রশিক্ষণ কার্যক্রমের কার্যকরী প্রস্তুতি এখন থেকে গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে অনুরোধ জানানো যাচ্ছে। ২০১৬-১৭ অর্থ বৎসরে প্রকল্পের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ১২টি কোর্স। প্রশিক্ষণের গুণগতমান নিশ্চিতকরণের জন্য প্রতি মাসে ১ টি করে প্রশিক্ষণ শুরু ও সমাপ্তি করতে হবে। প্রশিক্ষণের মেয়াদ ৭/১৪/২১ দিন এর যে কোন মেয়াদের প্রশিক্ষণ গুরুত্ব প্রস্তুতি নিতে হবে। অর্থাৎ ১২ মাসে ১২টি কোর্স পরিচালনা করতে হবে। তন্মধ্যে ৭ দিনের ৪টি, ১৪ দিনের ৪ টি, এবং ২১ দিনের ৪টি সর্বমোট ১২টি প্রশিক্ষণ প্রদান করতে হবে। চলতি অর্থ বৎসরের প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, প্রশিক্ষণ অনিয়মিত ভাবে সম্পন্ন করা হয়েছে এবং প্রশিক্ষণের গুণগতমান ব্যাহত হয়েছে বলে প্রতিয়মান হয়। তাছাড়া প্রায় বেশির ভাগ উপজেলায় মাসের প্রশিক্ষণ মাসে করা হয়নি যা অপ্রত্যাশিত। জোরদারকরণ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম প্রতি মাসে ০১টি করে সম্পন্ন করতে হবে এবং ২০১৬-১৭ অর্থ বৎসরের প্রশিক্ষণ ক্যালেন্ডার (কোন মাসে, কোন কোর্স) প্রস্তুত করে জেলার উপ-পরিচালক কর্তৃক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে।

উল্লেখ্য প্রকল্পের কার্যক্রম সুনির্দিষ্ট এবং তা নির্ধারিত সময়ে বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। আপনার ওপর অর্পিত দায়িত্ব পালনে ব্যর্থ হলে প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য অর্জন ব্যাহত হবে যা আপনার উপর বর্তাবে। বাজেট পাওয়া মাত্রই উপজেলায় প্রেরণের ব্যবস্থা নেয়া হবে।

বর্ণিত অবস্থায়, প্রশিক্ষণ এর মান, ভোলু ইত্যাদির ক্ষেত্রে বিশেষ ভাবে সকলকে আরও সার্বিক গুরুত্ব প্রদান এবং প্রয়োজনে যুব সংগঠন, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা, মেম্বারগণের সহযোগীতা নেয়ার জন্য নির্দেশনা দেয়া হলো।



(এ,এইচ,এম,সামসুজ্জামান)

প্রকল্প পরিচালক (উপ-সচিব)

প্রাপক,

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,  
-----উপজেলা(৪৪২টি)  
-----জেলা।


“কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে  
প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প”  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।  
ফোনঃ ৭১২০৬৬০

স্মারক নং : ৩৪.০১.০০০০.০৩৬.৩৮.০০১.১২(অংশ-২)- ৯২

তারিখ : ২৪/০৫/২০১৬খ্রি

সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। উপজেলা নির্বাহী অফিসার,-----উপজেলা,-----জেলা(যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণের মানোন্নয়নে আপনার পরামর্শ ও সহযোগীতা কামনা করা হলো)।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----জেলা (আপনাকে উপরোক্ত নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত এবং প্রশিক্ষণ গুরুত্ব প্রস্তুতি গ্রহণের নিমিত্তে উপজেলাসমূহকে নিবিড় তদারকী করার জন্য অনুরোধ করা হলো।)
- ০৩। সহকারী পরিচালক(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা(আপনাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।



(খান মোঃ নইম)

সহকারী প্রকল্প পরিচালক

“কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে  
প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প”  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।